

B.A. Part-III (General) Examination, 2020

বাংলা (জেনারেল)

চতুর্থ পত্র

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান: ৫০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।

যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দাও।

উত্তরপত্র সর্বাধিক তেরো পৃষ্ঠার মধ্যে সম্পূর্ণ করতে হবে

১) যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৪×৫=২০

ক) কলেজে অনলাইন ক্লাস শুরু করার আবেদন জানিয়ে অধ্যক্ষ মহাশয়ের কাছে পত্র লেখো।

খ) তোমার এলাকায় একটি ঐতিহ্যবাহী উৎসব সম্পর্কে সংবাদপত্রে প্রকাশের উপযোগী একটি প্রতিবেদন রচনা করো।

গ) ইংরাজিতে অনুবাদ করো:

এই গ্রামখানিতে অনেকগুলি কুটির ও প্রাসাদ দেখিলাম, কিন্তু আমি একটিও লোক দেখিতে পাইলাম না। পথে কোনো ভিক্ষুক নাই ; কোনো পুষ্করিণীতে কেহ স্নান করিতেছিল না। বাজারে সারি সারি বড় দোকান গুলি সব বন্ধ ছিল।

ঘ) প্রতিবেদন কাকে বলে? সংবাদ এবং প্রতিবেদনের মধ্যে পার্থক্য লেখো। প্রতিবেদন রচনার উদ্দেশ্য কী?

ঙ) পত্র কাকে বলে? পত্র কয় প্রকার ও কী কী? প্রাতিষ্ঠানিক পত্রের উদাহরণ দাও।

চ) প্রুফ সংশোধন করো:

পাণ্ডুলিপি: তোমার ছুটি নীল আকাশে,
তোমার ছুটি মাঠে,
তোমার ছুটি থইহারা ওই
দিঘির ঘাটে ঘাটে।

প্রফ: তো মার ছুটি নীলাকাশে,
তোমাড় ছুটি মাটে,
তোমার ছুটি খোই হারা ঐ
দীঘির ঘাটের ঘাটে।

২) যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও:

৩×১০=৩০

ক) পশ্চিমবঙ্গ সরকারের কন্যাশ্রী প্রকল্প বিষয়ে সংবাদপত্রে প্রকাশের উপযোগী একটি প্রতিবেদন রচনা করো।

খ) আমফান ঝড়ের তাণ্ডব কীভাবে বাংলার একাংশের জনজীবনে বিপর্যয় সৃষ্টি করেছে তা জানিয়ে সংবাদপত্র প্রকাশের উপযোগী একটি পত্র রচনা করো।

গ) বাংলায় অনুবাদ করো:

Gofur, the weaver, (Gofur of the weaver caste) had his dwelling on a meadow on the skirt of the village. It was just a hut with a verandah. The mud walls had come down and there was no thatch on the roof. There Gofur and his daughter somehow managed to lay their heads in and pass their days. This hut was all that Gofur had. He had also an old bull, whom he endearingly called Mohesh. Mohesh was, as it were, a son to him.

ঘ) প্রবন্ধ লেখো: বাংলা লোকসাহিত্য

ঙ) প্রবন্ধ লেখো: বাংলা গদ্যসাহিত্যে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর